# যোগদানপত্র

তারিখঃ / /২০ খ্রিঃ

বরাবর,
আঞ্চলিক/জেলা/উপজেলা নির্বাচন কর্মকর্তা
...............................
...............................।

**বিষয়ঃ যোগদান পত্র গ্রহন প্রসঙ্গে।**

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে আমি নিম্ন স্বাক্ষরকারী বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের অধীনে "আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহ্যানসিং একসেস টু সার্ভিসেস (আইডিইএ) প্রকল্প (২য় পর্যায়)" এর আওতায় ডাটা এন্ট্রি অপারেটর পদে আউটসোর্সিং এর মাধ্যমে মাছরাঙ্গা সিকিউরিটি সার্ভিসেস (প্রাঃ) লিঃ কর্তৃক প্রদত্ত নিয়োগ পত্রের স্মারক নং............................................,তারিখ-..................অনুযায়ী নিম্নোক্ত শর্ত সাপেক্ষে যোগদান করতে ইচ্ছুক।

**যোগদানের শর্তাবলী:-**

১. আপনি আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর অধীনে মাসিক সেবা মূল্য (সকল সিটি কর্পোরেশন এলাকার জন্য ১৯০৮০/- টাকা এবং অন্যান্য এলাকার জন্য ১৮৫১৪-টাকা) এবং ০২টি উৎসব ভাতা ও ০১টি বাংলা নববর্ষ ভাতা প্রাপ্য হবেন (বিধি মোতাবেক আয়কর কর্তন করা হবে)।

২. আপনি ০১ ডিসেম্বর, ২০২৫ ইং হতে ৩০ নভেম্বর ২০২৬ ইং তারিখ পর্যন্ত চুক্তিকালীন সময়ের জন্য আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহ্যান্সিং একসেস টু সার্ভিসেস (আইডিইএ) (২য় পর্যায়) প্রকল্পে নিয়োগ প্রাপ্ত হবেন। চুক্তিকালীন সময়ে সার্বক্ষণিকভাবে প্রকল্পের কাজে নিয়োজিত থাকবেন। এই নিয়োগপত্রই মেয়াদ শেষে আপনার অব্যাহতিপত্র হিসেবে গণ্য হবে।

৩. প্রকল্পটি স্বল্পমেয়াদি হওয়ায় এবং আপনার চুক্তিভিত্তিক নিয়োগ কেবলমাত্র নির্ধারিত সময়ের জন্য প্রযোজ্য হওয়ায়, চাকরির মেয়াদকালে চুক্তি বর্হির্ভূত কোনো প্রকার দাবী-দাওয়া আদায়ের উদ্দেশ্যে আন্দোলন, অবস্থান কর্মসূচি, কর্মবিরতি কিংবা নির্বাচন কমিশন/সরকার বিরোধী কোনো কর্মকাণ্ডে সম্পৃক্ত হওয়াকে গুরুতর অনিয়ম হিসেবে গণ্য করা হবে। এ ধরনের কার্যক্রমে জড়িত হলে আপনাকে চাকরির অযোগ্য বিবেচনা করা হবে এবং ফলশ্রুতিতে চাকরি হতে বরখাস্ত করা হবে।

৪. প্রকল্প কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত কোনো প্রকার সংগঠন গঠন, অনলাইন গ্রুপ সৃষ্টি বা পরিচালনা করা, উক্ত গ্রুপের সদস্য হওয়া, কিংবা সংগঠন সংশ্লিষ্ট কোনো কার্যক্রমে চাঁদা সংগ্রহ বা প্রদান করলে তা গুরুতর শৃঙ্খলাভঙ্গ হিসেবে গণ্য হবে। ফলে এ নিয়োগ বাতিলকরতঃ আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে।

৫. অনুমতি ব্যতিত অসুস্থতা বা অন্য কোন কারণে একটানা ৩০ ক্যালেন্ডার দিবস কর্মস্থলে অনুপস্থিত থাকলে চাকরি হতে অব্যাহতি প্রদান করা হবে।

৬. কর্তৃপক্ষ যে কোন সময় এক মাসের নোটিশে অথবা একমাসের বেতন প্রদান সাপেক্ষে এই নিয়োগ বাতিল করতে পারবে। পক্ষান্তরে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি এক মাসের নোটিশ বা এক মাসের সমপরিমাণ বেতন সমর্পণ পূর্বক চাকুরী হতে অব্যাহতি নিতে পারবে। তবে নোটিশ প্রদানের বিষয়টি প্রয়োজন ও প্রেক্ষাপট অনুযায়ী প্রকল্প কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী বিবেচনা করা হবে।

৭. দায়িত্ব পালনকালীন সময়ে আপনার দ্বারা প্রতিষ্ঠানের কার্যক্রমে কোন প্রকার অপরাধ সংঘটিত হলে অথবা আপনার দায়িত্বে থাকা প্রতিষ্ঠানের কোন সম্পদ চুরি বা খোয়া গেলে এর দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

৮. যা এই চুক্তিতে উল্লেখ করা হয়নি, তা এবং এরূপ অন্যান্য বিষয়সমূহ প্রকল্পে নিয়োজিত চুক্তিভিত্তিক জনবল অস্থায়ী কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য বিধিসমূহের আওতাধীন থাকবে।

৯. আপনি এই চুক্তিকালীন অথবা চুক্তি শেষ হওয়ার ২ বছরের মধ্যে কর্তৃপক্ষের লিখিত সম্মতি ব্যতীত উক্ত প্রকল্পের কোন সত্ত্ব, গোপনীয় তথ্য, দায়িত্ব বা কার্যপদ্ধতি সম্পর্কিত কোন তথ্য কোথাও প্রকাশ করতে পারবেন না।

১০. বাংলাদেশের যেকোন স্থানে দায়িত্ব পালনের জন্য প্রস্তুত থাকতে হবে এবং প্রকল্প কর্তৃপক্ষ প্রকল্পের স্বার্থে দেশের যে কোন স্থানে পদায়ন করবে।

১১. যোগদানের সময় কর্তৃপক্ষকে এনআইডি ও সকল সনদের মূলকপি (শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ সম্পর্কিত) অবশ্যই দাখিল করতে হবে। পরবর্তীতে কোন সময়ে সনদের সঠিকতা ভুল প্রমাণিত হলে আপনাকে তাৎক্ষণিক বরখাস্ত করা হবে এবং বিধি মোতাবেক/নিয়োগপরবর্তী সকল (আর্থিক ও অন্যান্য) সুবিধাদি ফেরত প্রদান করতে হবে।

১২. যোগদানের ৭ দিনের মধ্যে ডাচ্‌ বাংলা ব্যাংক এর যেকোন শাখায় একটি ব্যাংক একাউন্ট খুলে একাউন্টের তথ্য অত্র অফিসে প্রেরণ করতে হবে।

১৩. গ্রুপ বীমা কার্যক্রম নিয়োগকর্তার সম্পূর্ণ নিয়ন্ত্রণে থাকবে এবং বীমার প্রিমিয়াম ৫০% জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান এবং ৫০% কর্মকর্তা/কর্মচারী বহন করবে।

১৪. যোগদানের পরবর্তী যে কোন সময়ে আপনার বিরুদ্ধে আমলযোগ্য নেতিবাচক কোন কিছু প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল করা হতে পারে।

অতএব, মহোদয়ের নিকট বিনীত আবেদন, অদ্য...............ইং তারিখে আমার যোগদান পত্র গ্রহন পূর্বক আপনার সুনাম ধন্য প্রতিষ্ঠানে কাজ করার সুযোগ প্রদানে আপনার সদয় মর্জি হয়।

বিনীত

নাম : ..........................
পদবী : ..........................
পিতা :..........................
ঠিকানা :..........................

সংশ্লিষ্ট অফিস কর্মকর্তার স্বাক্ষর

নাম : ..........................
পদবী : ..........................

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১. প্রকল্প পরিচালক, আইডেন্টিফিকেশন সিস্টেম ফর এনহ্যানসিং একসেস টু সার্ভিসেস (আইডিইএ) প্রকল্প (২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, মাছরাঙ্গা সিকিউরিটি সার্ভিসেস (প্রাঃ) লিঃ, ৩/৬, সেনপাড়া পর্বতা, মিরপুর-১০, ঢাকা।
৩. সংশ্লিষ্ট অফিস কপি।